দৈনিক সংবাদ

তারিখ 06 APR 1986
পৃষ্ঠা 6 কলাম

010

# পঞ্চগড়ে প্রাথমিক শিক্ষা বিঘ্নিত

পঞ্চগড়, ৪ঠা এপ্রিল (সংবাদদাতা)।–প্রয়োজনীয় সংখ্যক শিক্ষকের অভাব, বিদ্যালয় ভবনের দুরবস্থা ও আসবাবপত্রের অভাবে পঞ্চগড় জেলার ৫টি উপজেলায় প্রাথমিক শিক্ষার বিঘ্ন ঘটছে।

এ জেলার দেবীগঞ্জ, আটোয়ারী, তেঁতুলিয়া, বোদা ও পঞ্চগড় সদরসহ ৫টি উপজেলায় ২শ ৫০টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৫০টি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। ইতিমধ্যে এ সকল শিক্ষকের পদগুলো পূরণের জন্য দেবীগঞ্জ উপজেলার ১০টি প্রধান শিক্ষক ও ২৯টি সহকারী শিক্ষকের পদে নিয়োগের সিদ্ধান্ত নেয়া হলেও অজ্ঞাত কারণে স্থগিত হয়ে গেছে।

এছাড়া এসকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষকের পদ খালি রয়েছে। বিদ্যালয় ভবনগুলো জরাজীর্ণ হয়ে পড়েছে। এছাড়া অধিকাংশ বিদ্যালয়ে বেঞ্চের অভাবে ছাত্রছাত্রীরা মাটিতে বসে ক্লাস করছে।

## গরু চুরির হিড়িক

পঞ্চগড় জেলার দেবীগঞ্জ, পঞ্চগড়, বোদা, তেঁতুলিয়া, আটোয়ারীসহ সদর উপজেলা ৫টি উপজেলাতেই আশংকাজনক হারে গরু চুরি বেড়েছে। পঞ্চগড় সদর উপজেলার ওমরখনা, হাফিজাবাদ, হাড়িভাষা, যুগীডিটা, লাল স্কুলের পাড়া থেকে ৪৩টি, তেঁতুলিয়ার মাঝিপাড়া, ভোজনপুর, শালবাহী মাথাফাটা থেকে ২৯টি, আটোয়ারী উপজেলার বড়ধাপ সিটকীপাড়া থেকে ২৩টি গরু ও ৫টি মহিষ চুরি হয়েছে।

অপর দিকে বোদা উপজেলার বিভিন্ন এলাকা থেকে ১৯টি ও দেবীগঞ্জ উপজেলার খারিজাভাজনী টেপ্রীগঞ্জ, সর্দার পাড়া, ভাউলাগঞ্জ এবং বোদাপাড়া থেকে ৩৮টি ও সোনাহার দণ্ডপাল, পামুলী ইউনিয়ন থেকে ১৭টিসহ মোট ৫৬টি গরু গত দু'মাসে চুরি যায়।